

প্রিয় পরিবারবর্গ:

আমাদের কেউই কখনও কল্পনা করতেও পারেনি যে, COVID-19-এর জন্য আমাদেরকে: স্কুল বন্ধ করতে হবে, দূর থেকে শিক্ষা ও বাড়ি থেকে শেখার ব্যবস্থা করতে হবে, এবং নিরাপদ থাকার জন্য একে অপরের থেকে দূরত্ব বজায় রাখতে হবে।

আপনাদের প্রচেষ্টা ও সহায়তা ছাড়া এই কঠিন কাজটি করা সম্ভব হতো না। আমরা জানি যে এই সময়টিতে আপনাদের ছেলেমেয়েরা লেখাপড়া চালু রাখার জন্য পাহাড়সম বাধা অপসারণ করেছে, সাথে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনের 150,000-এরও অধিক নিবেদিত শিক্ষাবিদ ও স্টাফরাও রয়েছেন। আমরা সকলে মিলে শিক্ষাক্ষেত্রে দ্রুত একটি সম্পূর্ণ নতুন পদ্ধতি প্রবর্তন করার জন্য যখন কাজ করেছি, তখন আপনাদের ছেলেমেয়েদের আপনারা যে সহায়তা দিয়েছেন, সেজন্য আমি অত্যন্ত কৃতজ্ঞ। এই বিক্ষিপ্ত ও দুর্ভাবনায়ুক্ত সময়টি ইতোমধ্যে বহু সমস্যা ও সদা পরিবর্তনশীল দৃশ্যপট নিয়ে উপস্থিত হয়েছে। তবে আপনাদের সহায়তায় আমরা প্রতিদিনই এগিয়ে যাচ্ছি।

এ প্রসঙ্গে আমি কিছু গুরুত্বপূর্ণ হালনাগাদ সংবাদ জানাতে ও কিছু বিষয় স্মরণ করিয়ে দিতে চাই:

- **স্কুল বন্ধ:** স্টেট ঘোষণা করেছে যে নিউ ইয়র্ক স্টেটের সকল স্কুল 29 এপ্রিল, 2020 পর্যন্ত বন্ধ থাকবে।
- **রিজেন্টস পরীক্ষা:** স্টেট 2020 সালের জুন মাসের রিজেন্টস পরীক্ষা বাতিল করেছে। এটি কীভাবে গ্র্যাজুয়েশনের শর্তসমূহকে প্রভাবিত করবে, হাই স্কুল শিক্ষার্থীদের পরিবার শীঘ্রই তা নিয়ে বাড়তি নির্দেশনা পাবেন। সংক্ষিপ্তভাবে বলা যায়, যেসব শিক্ষার্থী তাদের ডিপ্লোমার জন্য 2020 সালের জুন মাসে রিজেন্টস পরীক্ষার পরিকল্পনা করেছিল, তাদেরকে তা থেকে অব্যাহতি দেওয়া হলো, তবে তাদেরকে গ্র্যাজুয়েশনের জন্য আবশ্যিক কোর্স ক্রেডিট অবশ্যই অর্জন করতে হবে। আমাদের লক্ষ্য হলো শিক্ষার্থীদের এ বছর গ্র্যাজুয়েট হওয়ার লক্ষ্যে অগ্রগতি নিশ্চিত করা যাতে তারা অব্যাহতভাবে সাফল্যের সাথে হাই স্কুল সম্পন্ন করার পথে থাকতে পারে।
- **ম্যাথ এবং ELA পরীক্ষা:** স্টেট 3 থেকে 8 গ্রেডের ম্যাথ (গণিত) ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস পরীক্ষাগুলো বাতিল করেছে।
- **AP পরীক্ষা:** কলেজ বোর্ড ঘোষণা করেছে যে, AP পরীক্ষাগুলো স্কুল ভবনে হবে না, তবে শিক্ষার্থীরা বাড়ি থেকেই AP পরীক্ষা দিতে সক্ষম হবে। এসব পরিবর্তিত ব্যবস্থা কীভাবে বাস্তবায়িত হবে, সে ব্যাপারে আমরা শীঘ্রই স্কুলে ও শিক্ষার্থীদের কাছে নির্দেশনা পাঠাবো। আপনার যদি একটি ডিভাইস প্রয়োজন হয় এবং ইতোমধ্যে DOE-এর [remote learning device survey](#) (দূরে থেকে শিক্ষার ডিভাইস জরিপ) পূরণ না করে থাকেন, তাহলে সেটা করে নিতে সুপারিশ করছি।
- **দূর থেকে শিক্ষার টুল:** নিরাপত্তা ও সুরক্ষা সুনিশ্চিত করার জন্য আমরা দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) ব্যবহারের জন্য ভার্চুয়াল মিটিং টুল (দূর থেকে মিটিং করার ব্যবস্থা) হিসেবে স্কুলগুলোতে জুম (Zoom) পরিহার বাধ্যতামূলক করেছি। আমরা

জানি এই টুল ইতোমধ্যে বহু স্কুলে ব্যবহার হচ্ছে এবং একদিনে এটা বদলানো সম্ভব হবে বলে প্রত্যাশা করি না, তবে আমরা শিক্ষকদেরকে 'গুগল হ্যাংআউট মিটিং' বা 'মাইক্রোসফট টিম' ব্যবহারে সহায়তা দিচ্ছি—এই দুটিও বহু স্কুলে সামঞ্জস্যপূর্ণভাবে ব্যবহৃত হচ্ছে।

আমি বিশ্বাস করি যে এই বিরল সঙ্কটকালব্যাপী আমাদের শিক্ষকগণ যে পেশাদারিত্ব ও ত্যাগী মনোভাব দেখাচ্ছেন, সেটা কখনও এর অধিক ছিলো না। ঘটনার সাথে সাথে তারা সক্রিয় হয়েছেন, আমাদের শিক্ষা প্রক্রিয়ায় মৌলিক পরিবর্তন সাধনের পাশাপাশি তাদের নিজেদের পরিবারের পরিবর্তিত চাহিদার প্রতিও মনোযোগ দিয়েছেন।

অনুরূপভাবে, আমাদের শিক্ষার্থীদের খাপ খাওয়া, নিরাপদ থাকা, এবং শিক্ষালাভে সহায়তা প্রদানের ক্ষেত্রে আপনাদের সহায়তা ও অংশীদারিত্ব ছিল গুরুত্বপূর্ণ—যে সময়টিতে আপনাদের নিজেদেরও প্রচণ্ড দুশ্চিন্তার মোকাবেলা করতে হয়েছে। আপনারা ও আমাদের শিক্ষাবিদগণ একযোগে যা করছেন, তার জন্য আমার আস্থা আছে যে, এই দূর্যোগকালে আমাদের ছেলেমেয়েরা সার্থকভাবে নিয়োজিত হবে ও অগ্রগতি অর্জন করবে।

এই কঠোর সময়ে আমাদের শিক্ষকদের মতো আপনারাও প্রকৃত বীর। আমরা জানি যে, এটি কঠিন কাজ, কারণ আমরা সবাই একযোগে এই অনাকাঙ্ক্ষিত সময়কে মোকাবেলা করতে শিখছি। তবে আমরা আমাদের ক্ষমতার মধ্যে যা আছে, তা দিয়ে আপনাদের প্রতিটি পদক্ষেপে এগিয়ে যেতে অব্যাহত সহায়তা দিবো।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন